



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, লালমনিরহাট
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
www.lalmonirhat.gov.bd



নং-০৫.৪৭.৫২০০.০০১.০৩.০০৪.২৩.২৮৬


তারিখ: ১৭/১১/২০২৩ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪ উপলক্ষে ভোটগ্রহণ আগামী ০৭ জানুয়ারি, ২০২৪ তারিখে অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে সম্ভাব্য প্রার্থী বা তাদের পক্ষে অন্য কোন ব্যক্তি পোস্টার, ব্যানার, দেয়াল লিখন, বিলবোর্ড, ফেস্টুন, গেইট, তোরণ বা ঘের, প্যাভেল, আলোকসজ্জা ইত্যাদি প্রচার সামগ্রী ও নির্বাচনী ক্যাম্প থাকলে সেগুলি আগামী ২৫ নভেম্বর, ২০২৩ তারিখের মধ্যে নিজ উদ্যোগে অপসারণ এবং মোটরসাইকেল/অন্যান্য যানবাহন শোভাযাত্রা, শো-ডাউন, মিছিল, নির্বাচনী প্রচারণায় প্রীতিভোজ ও জনমনে আতংক সৃষ্টি করে এমন কার্যক্রম থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লিখিত সময়ের মধ্যে পোস্টার, ব্যানার, দেয়াল লিখন, বিলবোর্ড, ফেস্টুন, গেইট, তোরণ বা ঘের, প্যাভেল, আলোকসজ্জা ইত্যাদি প্রচার সামগ্রী ও নির্বাচনী ক্যাম্প থাকলে সেগুলি অপসারণ করা না হলে এবং মোটরসাইকেল/অন্যান্য যানবাহন শোভাযাত্রা, শো-ডাউন, মিছিল, নির্বাচনী প্রচারণায় প্রীতিভোজ ও জনমনে আতংক সৃষ্টি করে এমন কার্যক্রমে অংশগ্রহণ করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী।


১৭/১১/২০২৩
(মোহাম্মদ উল্লাহ)

জেলা প্রশাসক, লালমনিরহাট

ও

রিটার্নিং অফিসার


দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪

নং-০৫.৪৭.৫২০০.০০১.০৩.০০৪.২৩.২৮৬(৭৫)

তারিখ: ১৭/১১/২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর।
- ০৪। পুলিশ সুপার, লালমনিরহাট।
- ০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
- ০৬। জেলা নির্বাচন অফিসার, লালমনিরহাট।
- ০৭। জেলা তথ্য অফিসার, লালমনিরহাট। [বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ]
- ০৮। মেয়র, লালমনিরহাট ও পাটগ্রাম পৌরসভা। [অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), লালমনিরহাট। [অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ১০। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), লালমনিরহাট। [তাকে পত্রখানা সংশ্লিষ্টদের মধ্যে বিতরণের অনুরোধসহ]
- ১১। উপজেলা নির্বাচন অফিসার (সকল), লালমনিরহাট।
- ১২। অফিসার ইনচার্জ (সকল থানা), লালমনিরহাট।
- ১৩। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ, উপজেলা, লালমনিরহাট। [অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]


১৭/১১/২০২৩
(মোহাম্মদ উল্লাহ)

জেলা প্রশাসক, লালমনিরহাট

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪